

## ভূমিকা:

১২০ জন নারী শ্রমিককে নারীর উপর সহিংসতা ও যৌনহয়রানি প্রতিকার ও প্রতিরোধে একটি নিবিড় প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা উন্নয়ন করা হবে, এরাই হবেন “সজাগসার্থী”। প্রশিক্ষণপ্রাপ্ত সজাগসার্থী কারখানায় ভিতরে এবং বাইরে নারী উপর সহিংসতা ও যৌনহয়রানি প্রতিরোধে যৌথভাবে কাজ করবেন। পোশাক শিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ বিষয়ক একটি কর্তব্যক্রম গ্লোবাল ফান্ড ফর উইমেন এর সহায়তায় ব্র্যাক, ব্লাস্ট, ক্রিস্টিয়ান এইড, এসএনভি এবং নারীপক্ষ বাস্তবায়ন করছে।

## উদ্দেশ্য:

“সজাগসার্থী” নারীর উপর সহিংসতা ও যৌনহয়রানি প্রতিকার ও প্রতিরোধে নেতৃত্ব দেওয়া এবং সংশ্লিষ্টদের বিশেষভাবে ভুক্তভোগী ও তার পরিবার এবং অন্যান্যদের সংগঠিত করে যৌথভাবে কাজ করা।

## “সজাগসার্থী”র কর্মপরিধি :

১. সহিংসতার ঘটনার তথ্য সংগ্রহ করা/ কারখানা/ সংশ্লিষ্ট ব্যক্তি এবং নারীপক্ষে প্রেরণ করা
২. যৌন হয়রানী প্রতিরোধ কমিটি গঠনে কারখানাকে উদ্বুদ্ধ করবে এবং ক্ষেত্রমত কমিটিকে সক্রিয় করবে এবং ঘটনায় পদক্ষেপের প্রয়োজনে তথ্য উপাত্ত দিয়ে সহায়তা করবে,
৩. বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে নেটওয়ার্ক তৈরি, সচল এবং কার্যকর রাখবে,
৪. ভুক্তভোগীকে সাহস ও শক্তি জোগাবে,
৫. ভুক্তভোগীকে দায়ী করার প্রচলিত প্রবণতার বিরুদ্ধে অবস্থান নিবে এবং অন্যদেরকে উদ্বুদ্ধ করবে,
৬. ঘটনায় আক্রান্ত ব্যক্তি, সহায়ক ব্যক্তি বা প্রতিষ্ঠানের সমন্বয়ে লিখিত ও মৌখিক প্রতিক্রিয়া জানাবে (বিবৃতি),
৭. ভুক্তভোগীকে তাৎক্ষণিক শারিরিক, মানসিক ও আইনী সেবা পেতে সহায়তা করা ও পরামর্শ প্রদান,
৮. ভুক্তভোগীর সাথে নিয়মিত যোগাযোগ রাখা, মানসিক সহায়তা করা ও আস্থা অর্জন করবে,
৯. কারখানায় সংশ্লিষ্ট বিভিন্ন কমিটির সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হওয়া ও ভুক্তভোগীর স্বার্থে কাজ করা সংশ্লিষ্ট কমিটির সাথে আলোচনা ও দেনদরবার করবে,
১০. ভুক্তভোগীকে আইনী সহায়তা সংগঠনের সাথে যোগাযোগ করে দিবে ও মামলার ফলোআপ করবে,
১১. লিগ্যাল এইড ক্যাম্পে অংশগ্রহণ করবে,
১২. প্রত্যেক সজাগসার্থী ১৫০ জন নারী পোশাক শ্রমিককে সচেতনতামূলক কার্যক্রমের আওতায় আনবে, এ লক্ষ্যে:
  - ☐ সজাগসার্থী সেপ্টেম্বর ২০১৮ থেকে ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে ৬টি আলোচনা অনুষ্ঠানো আয়োজন ও পরিচালনা করবে,
  - ☐ প্রতিটি আলোচনা অনুষ্ঠানের সময় ২ ঘন্টা এবং মাসে ১ দিন হবে,
  - ☐ মোট ১৮দিন আলোচনা অনুষ্ঠান আয়োজন করবে,
  - ☐ প্রতিটি আলোচনা অনুষ্ঠানে ২৫ জন অংশগ্রহণ করবে
১৩. মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন তৈরি এবং নারীপক্ষে প্রেরণ



সচিবালয়ের ঠিকানা:  
র্যাংগস নীলু স্কয়ার (৫ম তলা)  
বাড়ি ৭৫, সড়ক ৫/এ  
সাতমসজিদ রোড, ধানমন্ডি, ঢাকা

